

পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) আইন, ২০১২

(২০১২ সনের ২৯ নং আইন)

পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ সম্পর্কে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ সম্পর্কে বিধান করা সমীচীন
ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- ১। (১) এই আইন পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান)
আইন, ২০১২ নামে অভিহিত হইবে।
(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,-
(ক) “তফসিল” অর্থ এই আইনের তফসিল;
(খ) “পাবলিক বিশ্ববিদ্যালয়” অর্থ তফসিলে বর্ণিত কোন বিশ্ববিদ্যালয়; এবং
(গ) “শিক্ষক” অর্থ পাবলিক বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক।

পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের চাকুরি হইতে অবসর গ্রহণ

- ৩। আপাততঃ বলবৎ অন্য কোন আইন, অধ্যাদেশ, রাষ্ট্রপতির আদেশ,
বিশ্ববিদ্যালয় সংবিধি, বিধি, প্রবিধি, উপ-আইন অথবা আইনের ক্ষমতাসম্পন্ন
কোন দলিলে যাহা কিছুই থাকুক না কেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন
শিক্ষক ৬৫ (পঁয়ষাট্টি) বৎসর বয়স পূর্তিতে চাকুরি হইতে অবসর গ্রহণ করিবেন।

তফসিল সংশোধনের ক্ষমতা

- ৪। সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তফসিল সংশোধন করিতে পারিবে।